মেহেরপুরের বলিয়ারপুরে শোকসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলার বলিয়ারপুর গ্রাম বিএনপি’র আয়োজনে বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার বিদেহী আত্মার মাগফেরাত কামনায় শোকসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বাদ আসর বলিয়ারপুর পুর্বপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে শোক সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। সাবেক ইউপি সদস্য মহিউদ্দিন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিশিষ্ট ব্যবসায়ী হাজি লিয়াকত আলী সর্দার, বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম মল্লিক, সাবেক ইউপি চেয়ারম্যান শামসুল আলম।

অনুষ্ঠান সঞ্চালনা করেন, সাবেক যুবদল সভাপতি আরিফ হোসেন। এসময় উপস্হিত ছিলেন বিএনপি নেতা জাহাঙ্গীর মাস্টার, আলিহিম, হায়দার, বজলু, হুমায়ুন কবির, লস্কর আলী, শামসুল আলম, ফরিদ হোসেন, রফিক, সুরুজ, মিলন, আবুল কালাম, সিরাজুল ইসলাম সহ পিরোজপুর ইউনিয়ন বিএনপি’র বিভিন্ন গ্রামের নেতৃবৃন্দ।

আলমডাঙ্গায় মকিম-হাজেরা শিক্ষা বৃত্তি প্রদান অনুষ্ঠিত

আলমডাঙ্গায় মকিম–হাজেরা শিক্ষা বৃত্তি প্রদান অনুষ্ঠানে এক শিক্ষার্থীকে ২৪ হাজার টাকা প্রদান করা হয়েছে।গতকাল ৭ জানুয়ারি আলমডাঙ্গা সরকারি কলেজের শিক্ষক কমনরুমে বৃত্তি প্রদান অনুষ্ঠানে সুতাইল

গ্রামের মেয়ে ইসলামি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীকে ৩ মাসের মোট ২৪ হাজার টাকা প্রদান করা হয়।

বৃত্তি প্রদানকালে উপস্থিত ছিলেন, সিনিয়র সাংবাদিক ও সাহিত্যিক হামিদুল ইসলাম আজম, আলমডাঙ্গা সরকারি কলেজের সিনিয়র প্রভাসক ড. মো মাহবুব আলম এবং সমাজসেবক হাবিবুল করিম চঞ্চল।

উল্লেখ্য অসচ্ছল ও লেখাপড়ায় আগ্রহী বিশ্ববিদ্যালয়, কলেজ ও স্কুল পড়ুয়া শিক্ষার্থীদের সম্পূর্ণ শিক্ষা ব্যয়ভার বহনের লক্ষ্যে আমেরিকার পেনসিলভানিয়ার চেনি বিশ্ববিদ্যালয়ে ছিয়াশি বছর বয়সে অবসরপ্রাপ্ত প্রফেসর ড. মোনায়েম চৌধুরী, তাঁর প্রয়াত পিতা-মাতা মীর আব্দুল মকিম চৌধুরী এবং বেগম হাজেরা খাতুনের স্মৃতির উদ্দেশ্যে “মকিম–হাজেরা শিক্ষা বৃত্তি” পুনরায় চালু করেছেন।

ড. চৌধুরী বিশ্বাস বলেন, অসচ্ছলতা ও প্রতিকূল পরিবেশ সফলতার বড় অন্তরায়। তাই তিনি এই বৃত্তি প্রদানে আর্থিকভাবে অসচ্ছল, এতিম, অসহায় ও নারী শিক্ষার্থীদের বিশেষ প্রাধান্য দিচ্ছেন। আগামী সপ্তাহের প্রথম দিন স্কুল-কলেজ পড়ুয়ার সকল বৃত্তিপ্রাপ্তদের স্কুল ভর্তি, মাসিক বেতন (পুরো বছরের একসাথে), প্রাইভেট টিউশন ফি, পরীক্ষার ফিস ও বই কেনা টাকা বৃত্তি হিসেবে প্রদান করা হবে (২য় ফেজ) বলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানিয়েছেন।

মুজিবনগরে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

মুজিবনগরে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার সকালে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস গ্রামের ক্লাব প্রাঙ্গনে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির উদ্যোগে গ্রামের তৃণমূল মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিতে এবং অসহায় দরিদ্র মানুষকে স্বাস্থ্য সেবা প্রদানে এই বিশেষ স্বাস্থ্য ক্যাম্পের আয়োজন করা হয়।

উক্ত স্বাস্থ্য ক্যাম্পে শিশু বিশেষজ্ঞ ও মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা বিনামূল্যে ১৭০জন রোগীকে বিনা মূল্য চিকিৎসা সেবা প্রদান করা হয়।

মেহেরপুরে এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলায় এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার দুপুর ১২টায় উপজেলা পরিষদের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম। সভায় শহরের বিভিন্ন এনজিও প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

এ সময় চলমান উন্নয়ন কার্যক্রম, সমন্বয় জোরদারকরণ এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা করা হয়। উপজেলা নির্বাহী অফিসার এনজিওগুলোর কার্যক্রমে স্বচ্ছতা ও পারস্পরিক সহযোগিতা বৃদ্ধার ওপর গুরুত্বারোপ করেন।

মেহেরপুরের মোখলেছুর রহমান স্কুল অ্যান্ড কলেজে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

মেহেরপুর জেলার এসএসসি ও এইচএসসিতে শ্রেষ্ঠ ফলাফল অর্জনকারী শিক্ষা প্রতিষ্ঠান গাংনীর সন্ধানী স্কুল অ্যান্ড কলেজের মেহেরপুর ক্যাম্পাসে ২০২৬ শিক্ষাবর্ষের জন্য দ্বিতীয় থেকে সপ্তম শ্রেণি

পর্যন্ত শিক্ষার্থী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।
শনিবার সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। দ্বিতীয় ও তৃতীয় শ্রেণির জন্য এক ঘণ্টা এবং চতুর্থ থেকে সপ্তম শ্রেণি পর্যন্ত দুই ঘণ্টাব্যাপী ভর্তি পরীক্ষা নেওয়া হয়। জেলায় মানসম্মত শিক্ষা নিশ্চিত ও শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে ২০২৬ সাল থেকে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের চাঁদবিল প্রধান সড়কের পাশে সন্ধানী সংস্থার প্রধান পৃষ্ঠপোষক, বিশিষ্ট শিক্ষাবিদ ও সমাজবিজ্ঞানী, বীর মুক্তিযোদ্ধা ড. মোখলেছুর রহমানের নামে মোখলেছুর রহমান স্কুল অ্যান্ড কলেজ প্রতিষ্ঠা করা হচ্ছে। প্রতিষ্ঠানটি ২০২৬ সালেই একাডেমিক কার্যক্রম শুরু করবে বলে জানানো হয়।
এ বিষয়ে সন্ধানী সংস্থার নির্বাহী পরিচালক মোঃ আবু জাফর বলেন, আজ আমাদের জন্য অন্যরকম অনুভূতির দিন। দীর্ঘদিনের লালিত স্বপ্ন মেহেরপুরে মানসম্মত শিক্ষা নিশ্চিত করা এবং শিক্ষার আলো ছড়িয়ে দেওয়ার এই প্রচেষ্টা। সকলের সহযোগিতায় জেলায় মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে আমাদের চেষ্টা অব্যাহত থাকবে।
ভর্তি পরীক্ষার পরিসংখ্যান অনুযায়ী, ২০২৬ শিক্ষাবর্ষে দ্বিতীয় শ্রেণিতে ৬১ জন ফরম উত্তোলন করে ৪৯ জন পরীক্ষায় অংশগ্রহণ করে। তৃতীয় শ্রেণিতে ৮০ জন ফরম উত্তোলনের মধ্যে ৭৪ জন পরীক্ষায় অংশ নেয়। পঞ্চম শ্রেণিতে ৫১ জন ফরম উত্তোলন করে ৪৭ জন পরীক্ষায় অংশগ্রহণ করে। ষষ্ঠ শ্রেণিতে ১১৮ জন ফরম উত্তোলনের মধ্যে ১০৬ জন এবং সপ্তম শ্রেণিতে ৬০ জন ফরম উত্তোলনের মধ্যে ৫৭ জন ভর্তি পরীক্ষায় অংশ নেয়।
সব মিলিয়ে এ বছর ৪২৩ জন শিক্ষার্থী ফরম উত্তোলন করে ৩৯০ জন শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে, যার গড় উপস্থিতির হার ৯১.১২ শতাংশ।
প্রথমবারের মতো এ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পেরে শিক্ষার্থী ও অভিভাবকরা আনন্দ ও উচ্ছ্বাস প্রকাশ করেন।

বাংলাদেশ মানবাধিকার কমিশন আলমডাঙ্গা শাখার মাসিক সভা

[illegible]

[illegible] [illegible] [illegible] (BHRC) [illegible] [illegible] [illegible]

এবারের পরীক্ষায় আলমডাঙ্গা উপজেলা ও পার্শ্ববর্তী এলাকার ৬৬ টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রথম শ্রেণী থেকে নবম শ্রেণীর ৯৩১ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে বলে কতৃপক্ষ জানান।

আফিয়া নূর ফাউন্ডেশনের প্রধান পৃষ্ঠপোষক শেখ নূর মোহাম্মদ টিপু র তত্বাবধানে পরীক্ষার সার্বিক ব্যাবস্হাপনায় ছিলেন, ফাউন্ডেশনের সদস্য সচিব ডাঃ মো আব্দুল্লাহ আল মামুন। কেন্দ্র সচিব হিসাবে দায়িত্ব পালন করেন, সহকারী অধ্যাপক ডঃ আব্দুর রহমান। পরীক্ষায় স্হানীয় বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক প্রতিষ্ঠান এর প্রতিনিধি সহ স্হানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গ কেন্দ্র পরিদর্শন করেন।

স্হানীয় গন্যমান্য ব্যাক্তির মধ্যে উপস্থিত ছিলেন আমেরিকা প্রবাসী বিজ্ঞানী মো মাসুদ পারভেজ, আলমডাঙ্গা, প্রবীণ সাংবাদিক শাহ আলম মন্টু, সিনিয়র সাংবাদিক হামিদুল ইসলাম আজম, সহ শিক্ষা প্রতিষ্ঠান সমুহের প্রধান শিক্ষকগণ

আরো উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা ডায়াবেটিক সমিতির সভাপতি রহমান মুকুল, আলমডাঙ্গা বনিক সমিতির সাধারণ সম্পাদক মো আব্দুল্লাহ আল মামুন, আলমডাঙ্গা নাগরিক উন্নয়ন কমিটির সভাপতি মো সিরাজুল ইসলাম, আলমডাঙ্গা উপজেলা প্রেসক্লাবের সভাপতি মো নাহিদ হাসান, সাধারণ সম্পাদক এন এইচ শাওন, আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি বশিরুল আলম, বাংলাদেশ মানবিকার কমিশন এর সভাপতি মো আল আমিন, সাধারণ সম্পাদক মো খাইরুল ইসলাম।

রাজনৈতিক ব্যাক্তিবর্গদের মধ্যে উপস্থিত ছিলেন, বাংলাদেশ জামায়াতে ইসলামী চুয়াডাঙ্গার সহকারী সেক্রেটারি এ্যাড মাসুদ পারভেজ রাসেল,জেলা আইন সম্পাদক দারুস সালাম, আলমডাঙ্গা উপজেলা শাখার আমির মো শফিউল ইসলাম বকুল, সেক্রেটারি আব্দুল্লাহ আল মামুন, পৌর জামায়াতের আমির মাহের আলী।

চুয়াডাঙ্গায় দিন ব্যাপি পণ্য ও

প্রযুক্তি প্রদর্শন মেলা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় দিন ব্যাপী পণ্য ও প্রযুক্তি প্রদর্শন মেলা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকাল ১০টায় সরকারি কলেজ রোডে অবস্থিত মুক্ত মঞ্চে এ মেলার আয়োজন করেন ওয়েভ ফাউন্ডেশন। পিকেএসএফ এর সহায়তায় নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন শীর্ষক উপ প্রকল্পের আওতায় এ মেলা অনুষ্ঠিত হয়। এসময় মেলাটি আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করেন, চুয়াডাঙ্গার স্থানীয় সরকারের উপপরিচালক শারমিন আক্তার। এরপর মেলা চত্বরে বিভিন্ন উদ্যোক্তাদের স্টল পরিদর্শন করেন অনুষ্ঠানের অতিথিরা। স্টল পরিদর্শন শেষে উদ্বোধনী অনুষ্ঠান শুরু হয়। উদ্বোধনী অনুষ্ঠান জাতীয় সংগীত পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠানে খামার থেকে থালা ভ্যালু চেইন বিষয়ক উদ্বোধনী ডিসপ্লে প্রদর্শিত করা হয়।

এরপর শুরু হয় মেলা উপলক্ষে আলোচনা সভা। সভায় সভাপতিত্ব করেন, ওয়েভ ফাউন্ডেশনের গভর্নিং বডির সহ-সভাপতি ও সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান। সভার শুরুতে শুভেচ্ছা বক্তব্য রাখেন, ওয়েভ ফাউন্ডেশনের সহকারী পরিচালক নির্মল দাস ও উপ-পরিচালক জহির রায়হান।

ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধের সঞ্চয়ালনায় সভার প্রধান অতিথি চুয়াডাঙ্গা স্থানীয় সরকার উপ-পরিচালক শারমিন আক্তার বলেন, ‘চুয়াডাঙ্গায় দিন ব্যাপি পণ্য ও প্রযুক্তি প্রদর্শন মেলায় বিভিন্ন স্টল প্রদর্শন করা হয়েছে। যেখানে আমাদের কৃষির যাবতীয় বিষয়বস্তু তুলে ধরা হয়েছে। এই মেলার মাধ্যমে আমাদের কৃষির পরিধি ফুটে তোলা হয়েছে বিভিন্ন স্টলে।

এই মেলার মাধ্যমে জানতে পারলাম যে কিভাবে স্বাস্থ্যসম্মত ভাবে দুগ্ধ ও মাংসজাত পন্য উৎপাদন করা হয় সেটা আমরা বিভিন্ন স্টলে ঘুরে জানতে পারলাম। এই বিংশ শতাব্দিতে এসে আমাদের একটা চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে খাদ্য উৎপাদনের পাশাপাশি নিরাপদ খাদ্য নিশ্চিত করার। এ ধরনের মেলা নিরাপদ খাদ্য উৎপাদন ও বাজার সম্প্রসারণে উদ্যোক্তাদের উৎসাহিত করার পাশাপাশি ভোক্তাদের মধ্যে সচেতনতা বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে’।

এসময় আরো বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ শাহাবুদ্দিন, পিকেএসএফের প্রোগ্রাম ম্যানেজার নিউট্রেশন স্পেশালিস্ট কপিল কুমার পাল, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের নবনির্বাচিত সভাপতি নাজমুল হক স্বপন, ভার্মি কম্পোস্টের উদ্যোক্তা ইরফান আলী ও তৌফিকুল আলম, মেহেরপুর বাজার কমিটির সভাপতি হাফিজুর রহমান, প্রমুখ।

এরপর একই দিনে সন্ধ্যা ৬টায় দিন ব্যাপি পণ্য ও প্রযুক্তি প্রদর্শন মেলার সমাপনী পুরস্কার বিতরণ এবং সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে মেহেরপুর ঝিনাইদহ ও চুয়াডাঙ্গা জেলার ৪০ জন উদ্যোক্তা বিভিন্ন পণ্য ও প্রযুক্তি নিয়ে মেলায় অংশগ্রহণ করেন। দিন ব্যাপি এই মেলায় বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে মেলার অনুষ্ঠান সাজানো হয়। মেলায় অংশ নেয়া শ্রেষ্ঠ তিনজন উদ্যোক্তাদের পুরস্কৃত করা হয়। এতে প্রথম পুরস্কার পান দামুড়হুদার সাদ্দাম হোসেনের মিষ্টি বাড়ি স্টল, দ্বিতীয় পুরস্কার পান চুয়াডাঙ্গা ভার্মি কম্পোস্টের স্বত্বাধিকারী শাহনাজ পারভিনের স্টল ও তৃতীয় পুরস্কার অর্জন করেন মুজিবনগরের শাহীন সুইট স্টল।

এসময় পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, জেলা প্রেসক্লাবের সভাপতি অ্যাড. মানিক আকবর ও চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি রাজিব হাসান কচি, জেলা জজ কোর্টের সিনিয়ন অ্যাড. বজলুর রহমান প্রমুখ।

আলমডাঙ্গায় চায়নাবার ফুটবল টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত

আলমডাঙ্গায় ১৬ দলের অংশগ্রহণে অনুষ্ঠিত ‘চায়নাবার ফুটবল টুর্নামেন্টের’ জমকালো ফাইনাল ম্যাচ সম্পন্ন হয়েছে। আলমডাঙ্গা ফুটবল একাডেমির আয়োজনে এই টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়।

গতকাল শুক্রবার বিকেল সাড়ে তিনটায় আলমডাঙ্গা পাইলট সরকারি

মাধ্যমিক বিদ্যালয় (এটিএম) মাঠে ফাইনাল ম্যাচটি অনুষ্ঠিত হয়। নির্ধারিত সময়ে কোনো গোল না হওয়ায় ম্যাচটি ট্রাইবেকারে গড়ায়। ট্রাইবেকারে লাভ স্টার একাদশকে ২-১ গোলে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে ফ্রেন্ডস ক্লাব আলমডাঙ্গা।

সাবেক ফুটবলার খোন্দকার আমিনুল ইসলাম বাবলুর সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন ও সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল মামুন। এছাড়াও স্থানীয় ক্রীড়া সংগঠক ও সাবেক ফুটবলাররা উপস্থিত ছিলেন।

পুরো খেলাটি সঞ্চালনা করেন মীর আসাদুজ্জামান উজ্জ্বল। ম্যাচে প্রধান রেফারির দায়িত্ব পালন করেন আলমডাঙ্গা ফুটবল একাডেমির পরিচালক সোহাগ আলী। সহকারী রেফারি হিসেবে ছিলেন প্রমিলা ফুটবলার উর্মি ও কাজলি।

খেলা শেষে আমন্ত্রিত অতিথিবৃন্দ চ্যাম্পিয়ন ও রানার্সআপ দলের হাতে ট্রফি তুলে দেন। আয়োজকরা জানান, নিয়মিত এমন টুর্নামেন্ট আয়োজনের মাধ্যমে স্থানীয় তরুণদের খেলাধুলায় উদ্বুদ্ধ করা এবং প্রতিভাবান খেলোয়াড় তৈরি করাই তাদের মূল লক্ষ্য।

খুলনাতে এপেক্স ক্লাব জেলা-৬ এর কনভেনশন অনুষ্ঠিত

এপেক্স বাংলাদেশের খুলনাতে এপেক্স ক্লাব জেলা-৬ এর কনভেনশন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকালে হোটেল ডিএস প্যালেস কনফারেন্স রুমে খুলনা এপেক্স ক্লাবের সাবেক প্রেসিডেন্ট এ্যাড. জিএম আবু মুসার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, এপেক্স বাংলাদেশের জাতীয় সভাপতি এপেক্সিয়ান এম সায়েম টিপু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ন্যাশনাল ভাইস প্রেসিডেন্ট এপেক্সিয়ান আবু নাঈম মোঃ মাকসুদুর রহমান, ন্যাশনাল একশন ডাইরেক্টর এপেক্সিয়ান রফিকুল ইসলাম ও ন্যাশনাল এক্সটেনশন ডাইরেক্টর এপেক্সিয়ান শাহনাজ

পারভীন সেতু।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন, জেলা-৬ এর গভর্নর এ্যাডঃ শেখ আমীর হামজা। জাতীয় সংগীতের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সুচনা হয়। এরপর এপেক্স সংগীত ও অন্যান্য আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়। প্রথম পর্বে আলোচনা সভা ও জেলা-৬ এর অধীনে ক্লাবগুলোর বার্ষিক রিপোর্ট ও ডিজি ৬ এর বার্ষিক রিপোর্ট উপস্থাপন করা হয় ও রিপোর্টের উপর বিস্তারিত আলোচনা করা হয়।

দ্বিতীয় পর্বে জেলা ০৬ এর আগামী ২০২৬ সালের জন্য নুজন জেলা গভর্নর নির্বাচন করা হয়। নির্বাচনে আগামী বছরের জন্য এপেক্স ক্লাব অব মেহেরপুরের প্রেসিডেন্ট রফিকুল আলম বকুল কে জেলা-৬ এর নতুন গভর্নর নির্বাচিত করা হয়।৷ ন্যাশনাল বোর্ড, সকল ক্লাব প্রেসিডেন্ট সেক্রেটারি ও সদস্যদের সম্মতিতে প্রতিদ্বন্দ্বী প্রার্থী না থাকায় মেহেরপুরের জেলার মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল এন্ড বিএম কলেজের সহকারী অধ্যাপক রফিকুল আলম বকুল কে সর্বসম্মতিক্রমে জেলা-৬ এর নুতন গর্ভনর নির্বাচিত করা হয়।

অনুষ্ঠানে ২০২৫ সালের জন্য এপেক্স ক্লাব অব মেহেরপুর বেস্ট ক্লাব ও বেস্ট প্রেসিডেন্ট হিসেবে মেহেরপুর ক্লাবের প্রেসিডেন্ট রফিকুল আলম বকুল কে নির্বাচিত করে ক্রেস্ট ও সম্মাননা প্রদান করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এপেক্স বাংলাদেশের জাতীয় সভাপতি এপেক্সিয়ান এম সায়েম টিপু এপেক্সিয়ানদের উদ্দেশ্যে বলেন, স্বেচ্ছাসেবী সংগঠন হিসেবে এপেক্স ক্লাবকে আরও বেগবান ও কার্যকর করার উদ্যোগ গ্রহণ করতে হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। আগামী জেলা ৬ কে গতিশীল ও কার্যকর করতে নুতন গভর্নরের প্রতি আহ্বান জানান।